

A NIGHT WITH STARS

ফওজিয়া সুলতানা নাজলী

গত ৯ই ফেব্রুয়ারী ক্যাসেল হিল এর হিলস সেন্টারে তরুণ প্রজন্মের নতুন সংগঠন - 'পথ প্রডাকশন্স' এর প্রয়োজনায় অনুষ্ঠিত হল সাংস্কৃতিক অনুষ্ঠান - A Night with Stars. ঠিক পাঁচটায় অনুষ্ঠান শুরু হবে এমন ঘোষণায় মনটা খুশীতে ভরে উঠেছিল। বিলম্বে শুরু হওয়ার বিড়ম্বনা থেকে বেরিয়ে 'পথ প্রডাকশন্স' সঠিক সময়ে অনুষ্ঠান শুরুর পথ নির্দেশন করবে এই প্রত্যাশায় পৌনে পাঁচটায় পৌঁছে যাই Hill Centre এ। আমার মতো আরও অনেকে একই প্রত্যাশায় পাঁচটার আগেই পৌঁছে যায়। কিন্তু একি! হলের গেট বন্ধ। আয়োজকদের কেউ নেই। দীঘ প্রতীক্ষার পর পৌনে ছয়টায় গেট খোলা হল। আর অনুষ্ঠান শুরু হলো ৬টা ৩ মিনিটে। বিলম্বে অনুষ্ঠান শুরু করার জন্য আয়োজকরা কোন দুঃখ প্রকাশ করলেন না। অথথা একটা ঘণ্টা সময় নষ্ট হল। অপ্রত্যাশিত কিছু মেনে নিতে কষ্ট হয়।



উপস্থিত দর্শকদের শুভেচ্ছা জানিয়ে শিল্পী রিজিয়া পারভিনকে মঞ্চে আমন্ত্রণ জানানো হল। সাবিনা ইয়াসমিনের কণ্ঠে মুক্তিযুদ্ধের উপর বিখ্যাত গান 'সেই রেল লাইনের ধারে মেঠো পথটার পাড়ে দাঁড়িয়ে' গানটি দিয়ে শিল্পী তার প্রথম গানটি শুরু করলেন। তারপর একে একে বিভিন্ন শিল্পীদের কিছু জনপ্রিয় গান এবং

তার নিজের গাওয়া ছায়া-ছবির কিছু গান গেয়ে শোনালেন। তারপর মঞ্চে এলেন ছায়াছবির জগতের জনপ্রিয় শিল্পী এডু কিশোর। সবাইকে শুভেচ্ছা জানিয়ে তিনি 'আমার বাবার মুখে প্রথম যেদিন শুনেছিলাম গান' এই গানটি দিয়ে তার গানের ডালা খোলেন। তারপর একে একে তার জনপ্রিয় গানগুলো গেয়ে শোনান। প্রিয় শিল্পীর গানগুলো একটা ভালোলাগার আবেশ নিয়ে এসেছিল দর্শকদের মনে। শিল্পীকে আরো কিছুটা সময় দিলে দর্শকরা আরো কিছু সুখ জাগানিয়া গান উপভোগ করতে পারতেন।



এরপর এডু কিশোর ও রিজিয়া পারভিন তাদের দ্বৈত কণ্ঠের পরিবেশনায় সব সখিরে পার করিতে নেব আনা আনা, আমার গরুর গাড়িতে বউ সাজিয়ে গানগুলো

একটা মিষ্টি আমেজ ছড়িয়ে দিয়েছিল সবার মনে। সাউন্ড সিস্টেমটা একটু বেশী কানে লাগছিল, যা অনুষ্ঠানটিকে শ্রুতি মধুর করে তুলছিল না।



দশমিনিট বিরতির পর 'পথ প্রডাকশন্স' এর প্রয়োজনায় শুরু হল 'ভালবাসা' - All Tragic Welcome মিউজিক্যাল। চিরস্মরণীয় প্রেমের বেদনার উপাখ্যান-

'দেবদাস-পার্বতী',
'রোমিও-জুলিয়েট',
'লাইলী-মজনু',

'আনারকলি-সেলিম' এবং 'বিউটি এন্ড বিস্ট' অবলম্বনে সাজানো অনুষ্ঠানটি ছিল এক কথায় চমৎকার। মনের ভিতর তখন কবিগুরু কবিতার লাইন উঁকি দিচ্ছিল 'যত শুনি সেই অতীত কাহিনী, প্রাচীন প্রেমের ব্যথা / অতি পুরাতন বিরহ মিলন কথা। আমরা দুজনে ভাসিয়া এসেছি যুগল প্রেমের স্রোতে / অনাদি কালের হৃদয়-উৎস হতে'।






এ প্রজন্মের ছেলে-মেয়েরা অভিনয়, লাইটিং, কস্টিউম, স্টেজ-ডেকোরেশনে ভীষণ দক্ষতার পরিচয় দিয়েছে। বিশেষ করে পার্বতী'র বারান্দা আর জুলিয়েটের ব্যালকনিটা অসম্ভব সুন্দর করে বানানো হয়েছিল। 'পেয়ার কিয়া তো ডরনা কিয়া' ও রবীন্দ্রসংগীত 'ভালবাসি ভালোবাসি' গানগুলোর সুন্দরভাবে সংযোজন করা হয়েছিল। খুব ভাল লাগছিল।

এত সুন্দর একটা পরিবেশনার জন্য 'পথ প্রডাকশন' এর সকল শিল্পী এবং কলাকুশলীদের জন্য অভিনন্দন রইল।

রাতের খাবারের বিরতির পর মাকসুদ O'Dhaka এর পরিবেশনায় শুরু হল ব্যান্ড সংগীত। 'মৌসুমি' ও 'মেলায় যাইরে' সহ বেশ কিছু জনপ্রিয় গান গেয়ে প্রায় দেড়ঘণ্টা তরুণ দর্শকদের মাতিয়ে রেখেছিলেন মাকসুদ ও তার দল।

'পথ প্রডাকশন' এর আগামী অনুষ্ঠান আরো সুন্দর হবে, সঠিক সময়ে শুরু হবে এবং দশক পরিপূর্ণতায় ভরে থাকবে মিলনায়তন এই প্রত্যাশা রইল।



ছবি - আনিসুর রহমান